



স্মারক নং: চাঁবিপ্রবি/রেজি./অফিস আদেশ/২০২৩/১০০

তারিখঃ ২৭ ভাদ্র ১৪৩০
১১ সেপ্টেম্বর ২০২৩বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৫ সেপ্টেম্বর শূক্রবার চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় প্রতিষ্ঠাবার্ষিকী ও নবীনবরণ ২০২৩ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ডা. দীপু মনি, এমপি, মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়। উক্ত অনুষ্ঠান উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের পক্ষ হতে নিম্নোক্ত কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

সকাল ০৯:০০ - ০৯:৩০	আনন্দ র্যালি
সকাল ০৯:৫০ - ১০:০০	প্রধান অতিথি ও বিশেষ অতিথির আগমন ও আসন গ্রহণ
সকাল ১০:০১ - ১০:০৫	পবিত্র কোরআন হতে তিলাওয়াত ও অন্যান্য ধর্মগ্রন্থ হতে পাঠ
সকাল ১০:০৬ - ১০:১০	জাতীয় সংগীত
সকাল ১০:১১ - ১০:২৫	অনুষ্ঠানের উদ্বোধন ও নবীনবরণ
সকাল ১০:২৬ - ১০:৩০	স্বাগত বক্তব্য
সকাল ১০:৩১ - ১০:৫০	আমন্ত্রিত বিশেষ অতিথিবৃন্দের বক্তব্য
সকাল ১০:৫১ - ১১:২০	প্রধান অতিথির বক্তব্য
সকাল ১১:২১ - ১১:৩০	সভাপতির বক্তব্য
সকাল ১১:৩১ - ১১:৩৫	ধন্যবাদ জ্ঞাপন ও অনুষ্ঠানের সমাপ্তি

বিশ্ববিদ্যালয়ের পক্ষ হতে গৃহীত উল্লিখিত কর্মসূচিকে সাফল্যমণ্ডিত করার জন্য সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীকে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। উক্ত অনুষ্ঠানে ২০২২-২৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদেরও উপস্থিত থাকার জন্য বলা হলো।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

প্রকৌশলী মেজর মোঃ আবদুল হাই (অব.)

রেজিস্ট্রার

চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

Email: registrar.cstu@gmail.com

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ১। পিএস টু ভিসি (সহকারী রেজিস্ট্রার), উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য, চাঁবিপ্রবি।
- ২। সকল বিভাগীয় প্রধান, চাঁবিপ্রবি।
- ৩। নোটিশ বোর্ড, বিশ্ববিদ্যালয় সকল বিভাগ ও দপ্তর, চাঁবিপ্রবি।
- ৪। অফিস কপি।